



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

ফোন : ৯৫৭৪০২৫

: ৯৫৬০০৩১-৩৫/২৫০

E-mail: dgmbcbdb@krishibank.org.bd

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ।

পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যুটিবি) পরিপত্র নং-১০/২০১৯

তারিখঃ ০৬-০৫-২০১৯ইং

বিষয়ঃ-বিকেবি ডাবল প্রফিট স্কিম, বিকেবি মিলিয়নিয়ার স্কিম ও বিকেবি মাসিক ডিপোজিট স্কিমের সংশোধনী প্রসঙ্গে।

দেশের ক্রমবর্ধমান অর্থনৈতিক উন্নয়নের সাথে সামঞ্জস্য রেখে ব্যাংকের আমানত স্থিতির লক্ষ্যমাত্রা অর্জন এবং দীর্ঘ মেয়াদি আমানত ভিত্তি গড়ে তোলার লক্ষ্যে বর্তমান প্রতিযোগিতামূলক ব্যাংকিং সেক্টরে গ্রাহকের চাহিদা বিবেচনা করে বিগত ৩১-০৩-২০১৯ইং তারিখের পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যুটিবি) পরিপত্র নং-০৫/২০১৯, ০৬/২০১৯ ও ০৭/২০১৯ এর মাধ্যমে “বিকেবি ডাবল প্রফিট স্কিম, বিকেবি মিলিয়নিয়ার স্কিম ও বিকেবি মাসিক ডিপোজিট” নামে ০৩(তিন) টি নতুন আমানত প্রডাক্ট চালু করে নীতিমালা জারি করা হয়। পরিপত্র নং-০৫/২০১৯, ০৬/২০১৯ ও ০৭/২০১৯ এর কতিপয় দ্বারা নিম্নোক্তভাবে সংশোধনী/স্পষ্টীকরণ করে প্রতিস্থাপন করা হলো।

০২। সকল ধরণের চাকুরীজীবীদের কথা বিবেচনা করে বিকেবি মিলিয়নিয়ার স্কিম ও বিকেবি মাসিক ডিপোজিট স্কিম সংক্রান্ত পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যুটিবি) পরিপত্র নং-০৫/২০১৯ ও পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যুটিবি) পরিপত্র নং-০৬/২০১৯ এর ১.৪ অনুচ্ছেদে বর্ণিত হিসাব খোলা ও পরিচালনা নিয়মাবলীর “ক” উপ-অনুচ্ছেদ নিম্নোক্তভাবে প্রতিস্থাপন করা হলো।

- অনুচ্ছেদ নং-১.৪(ক)ঃ প্রাপ্ত বয়স্ক এবং সুস্থ মস্তিষ্ক সম্পন্ন যে কোন বাংলাদেশী নাগরিক নিজ নামে এ স্কিমের আওতায় এক বা একাধিক হিসাব ব্যাংকের নির্ধারিত আবেদন ফরমের মাধ্যমে মাসের যে কোন কর্মদিবসে বাংলাদেশ কৃষি ব্যাংকের যে কোন শাখায় খুলতে পারবে। হিসাব যে তারিখেই খোলা হোক না কেন পরবর্তী মাস হতে ১০ তারিখের মধ্যেই নিয়মিত মাসিক কিস্তি স্থানান্তর করতে হবে। মেয়াদপূর্তির পর হিসাব খোলার তারিখে বা তার পরবর্তী কর্মদিবসে টাকা প্রদেয় হবে।


ব্যাখ্যাঃ প্রতি মাসের যে কোন কর্মদিবসে যথাযথ নিয়ম অনুসরণ করে প্রাপ্ত বয়স্ক এবং সুস্থ মস্তিষ্ক সম্পন্ন যে কোন ব্যক্তির নামে বিকেবি মিলিয়নিয়ার স্কিম ও বিকেবি মাসিক ডিপোজিট স্কিম হিসাব খোলা যাবে।

০৩। পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যুটিবি) পরিপত্র নং-০৫/২০১৯, ০৬/২০১৯ এর ১.৪(বা) ও ০৭/২০১৯ এর ১.৪(ছ) অনুচ্ছেদে বর্ণিত হিসাবে সুদ প্রদান সংক্রান্ত অনুচ্ছেদ নিম্নোক্তভাবে প্রতিস্থাপন করা হলো।

- অনুচ্ছেদ নং-১.৪(বা/ছ)ঃ প্রতিটি হিসাবে বাৎসরিক ভিত্তিতে চক্রবৃদ্ধি হারে সুদ প্রদেয় হবে। মাসিক ভিত্তিতে সুদ প্রতিশন রাখতে হবে। সুদ প্রদানের জন্য সূত্র-  $A=P(1+r/n)^{nt}$  [A=Amount, P=Principal, r=Interest Rate (Decimal), n=Interest Compounded per year, t=Time Years]

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

  
(মোঃ শহিদুল ইসলাম)

মহাব্যবস্থাপক

পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ

চলমান পাতা-২

নং-প্রকা/শানিব্যউবি-১(৫৯)/২০১৮-২০১৯/১৬৫৫

তারিখ : ০৬-০৫-২০১৯ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ০১। স্টাফ অফিসার, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৫। অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, মিরপুর, ঢাকা।
- ০৬। সকল উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার জন্য আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৮। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৯। সকল উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১০। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১১। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১২। নথি/মহানথি।

  
০৬/০৫/২০১৯  
(মোহাম্মদ মনিরুল ইসলাম)  
উপ-মহাব্যবস্থাপক

